

# টোকিওতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনঃ জাপানের জাতীয় সংবাদপত্রে সচিত্র প্রতিবেদন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে একুশে ফেব্রুয়ারীর সকালে টোকিওর নিশিগুচি পার্কের শহীদ মিনার প্রাঙ্গনে এক আন্তর্জাতিক মাত্রার অনুষ্ঠান আয়োজন করে জাপান বাংলাদেশ সোসাইটি (জেবিএস)। অনুষ্ঠানটিতে জাপানী এবং বাংলাদেশীসহ আমেরিকা, ইউরোপ ও এশিয়ান দেশ সমূহের অনেক প্রবাসী অংশগ্রহণ করেন। এবারে ভাষা দিবস পড়েছিল রবিবারে যার ফলে টোকিওর প্রাণ কেন্দ্রে আয়োজিত এই অনুষ্ঠানে প্রচুর দর্শকের সমাগম ঘটে। অনুষ্ঠান শুরু হয় প্রবাসে বাঙ্গালী সংস্কৃতির ধারক, উত্তরণ কালচারাল গ্রুপের ভাষা দিবসের গান দিয়ে। এর পরে নানা দেশের ছেলেমেয়েরা পাতার আকারে কাটা কাগজে নিজের মাতৃভাষায় পছন্দের কথাটি লিখে তৈরী করে একটি ভাষা বৃক্ষ। ফিলিপিনের এক প্রবাসী ছেলে নিজের ভাষায়, সাহস কথাটি পাতায় লিখে গাছে ঝুলিয়ে দেয়, কারণ তার বিশ্বাস ভাষার প্রতি ভালবাসা মানুষকে সাহস যোগায়। আমেরিকার এক মেয়ে পাতায় লেখে বন্ধু, কারণ সে মনে করে ভাষাই মানুষের শ্রেষ্ঠ বন্ধু। এর পরে ক্ষুদ্র জাতির ভাষা ও সংস্কৃতি রক্ষার আবেদন জানাতে মঞ্চে আসে জাপানে সুবিদিত আদিবাসী আইনুদের সাংস্কৃতিক দল - রেলা নো কাই। কবিতা আবৃত্তি ও গানের মধ্য দিয়ে তারা নিজেদের ভাষা ও সংস্কৃতিকে তুলে ধরে। স্মৃতি চারণ থেকে জানা যায় অতীতে জাপানের প্রাথমিক স্কুলে আইনু ভাষা শেখা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছিল, যার ফলে পৃথিবী থেকে আইনু ভাষা বিলুপ্ত হতে চলেছে। বাংলাদেশের মহান ভাষা আন্দোলনের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে সবাইকে আইনু ভাষা সংরক্ষণে এগিয়ে আসার আহবান জানায় তারা।

মঞ্চার অনুষ্ঠানমালার পাশাপাশি, পার্ক চত্বরে প্রদর্শনী তাবুতে ছিল এশিয়ার নানা দেশের ছেলেমেয়েদের হাতে আঁকা ছবির প্রদর্শনী। এই ছবি আঁকার প্রতিযোগিতা মূলতঃ এশিয়ার প্রতিটি দেশে মিংসুবিশি কোম্পানী আয়োজন করে থাকে এবং প্রতিটি দেশের সেরা ছবিগুলি জাপানে নিয়ে আসে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস অনুষ্ঠানের অংশ হিসেবে প্রদর্শিত মিংসুবিশি এই ছবিগুলো দেখার জন্য প্রচুর দর্শকের সমাগম ঘটে। আবহাওয়া ভাল থাকলেও খোলা চত্বরে শীত ছিল প্রচণ্ড। আগতরা যাতে ঠান্ডায় জমে গিয়ে অসুস্থ হয়ে না পড়েন, সে জন্য বিশেষ বিবেচনায় পিঠা ও চায়ের ব্যবস্থা করা হয়েছিল।

জাপানের তিনটি জাতীয় সংবাদপত্রে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের এই অনুষ্ঠানটির সচিত্র প্রতিবেদন প্রকাশিত হয়। এ ছাড়া তোশিমা টেলিভিশন নেটওয়ার্ক অনুষ্ঠানের উপর একটি ম্যাগাজিন অনুষ্ঠান করে সপ্তাহব্যাপী পুণঃপ্রচার করছে। মিডিয়ার এই ব্যাপক প্রচারণার ফলে সারা জাপানে কমপক্ষে দশ লক্ষ মানুষ ভাষা দিবস ও টোকিও শহীদ মিনার সম্পর্কে নতুনভাবে আগ্রহী হয়ে উঠেছে। জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়, টোকিও মেট্রোপলিস ও ইউনেস্কো ফেডারেশন জাপান এর দাপ্তরিক পৃষ্ঠপোষকতায় আয়োজিত এই অনুষ্ঠানটি প্রতিবছর হবে বলে জানা গেছে। জেবিএস ভাইস চেয়ারম্যান ডঃ শেখ আলীমুজ্জামান জানান, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে জাপানের একটি জাতীয় দিবস হিসেবে স্বীকৃতি দেবার জন্য তাঁর সংগঠন কাজ করে যাচ্ছে।



টোকিও শিনবুন এ জেবিএস আয়োজিত ভাষা দিবস অনুষ্ঠানের সচিত্র প্রতিবেদন। ছবিতে গান পরিবেশন করছে উত্তরণ কালচারাল গ্রুপ।



外国人ら池袋で祝典  
消失していくさまざまな  
民族の言語文化を守るため  
国連教育科学文化機関(ユ  
ネスコ)が制定した「国際  
母語デー」の21日、豊島区  
の池袋西口公園に、日本で  
暮らす外国人や少数民族の  
人たちが集まり、祝典を開  
いた。

在日バン格拉デシユ人の  
団体が主催し、ミャンマ  
ー、フィリピン、インド、  
中国などから来た人々や  
アイヌ文化を受け継ぐ人  
が参加した。

祝いの歌を民族音楽に乗  
せて披露した後、参加者た  
ちがステーションに置かれた  
「言葉の樹」に、さまざま  
な言語で好きな言葉を書  
いた紙の葉を飾った。写  
真。

世界に残る約6千の言語  
のうち、半数近くが今世紀  
中に消失の危機にあるとい  
われており、1952年に  
旧パキスタンでベンガル語  
の公用語化運動のデモ中に  
犠牲者が出たこの日が言語  
尊重運動の記念日とされ  
た。

シャパンバングラデシユ  
ソサエティのシエイク・ア  
リムザマンさん(51)は「日  
本でもアイヌなどいくつか  
の言語が消失の危機にある  
と聞いている。民族の文化  
と誇りを伝えてきた言葉を  
子供たちに引き継いでいっ  
てほしい」と話した。

সানকেই শিনবুন এ জেবিএস আয়োজিত ভাষা দিবস অনুষ্ঠানের সচিত্র প্রতিবেদন।  
ছবিতে ভাষা বৃক্ষে মাতৃভাষার পত্র সংযোজন করছে এক বালক।

世界の言葉 モニュメント彩る  
池袋で「国際母語の日」イベント

様々な言語の振興を通じて  
多様な文化の共存を目指す  
「国際母語の日」の21日、バ  
ングラデシユ人や日本人、ミ  
ヤンマー人、米国人らが池袋  
西口公園に集まり、国際母語  
の日を祝うイベントを開い  
た。板橋区のNPO法人「ジ  
ヤパンバングラデシユソサエ  
ティ」が主催した。

国際母語の日は、世界に約  
6千ある言語のうち、半数近  
くが21世紀中に消滅の危機に  
あるとして、国連教育科学文  
化機関(ユネスコ)が199  
9年に制定した。

イベント会場の池袋西口公  
園には、バングラデシユ政府  
から2006年に贈られた国  
際母語の日を象徴するモニュ  
メントがある。集まった子ど  
もたちは、それぞれの母語で  
「友情」「勇氣」「ありがとう」  
など思い思いの言葉を葉  
っぱの形をした紙に書き写



真、「言葉の樹」に見立て  
たモニュメントを作った。  
音楽に合わせて踊り出す人  
もいて華やかな会場では、不  
法滞在の親のもと、日本で  
生まれ育った子どもたちが在  
留許可を求める場面もあっ  
た。

আসাহি শিনবুন এ জেবিএস আয়োজিত ভাষা দিবসে অনুষ্ঠানের সচিত্র প্রতিবেদন।  
ছবিতে একটি প্রবাসী পরিবারকে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে দেখা যাচ্ছে।